তারিখ ...... 8 MAY 2017
পৃষ্ঠা 2 ...... কলাম ৭ ......

কালের কণ্ঠ

# আব্দুস সোবহান ফের রাবি উপাচার্য

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপাচার্য হিসেবে অধ্যাপক এম আব্দুস সোবহানকে দ্বিতীয়বারের মতো নিয়োগ করা হয়েছে। এর আগে ২০০৯ থেকে ২০১৩ সাল পর্যন্ত তিনি এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন।



অধ্যাপক আব্দুস সোবহান বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লায়েড ফিজিকস অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক।

গত ৪৮ দিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদটি শূন্য ছিল। গতকাল রবিবার বিকেলে আব্দুস সোবহানকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এই প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। এরপর বিকেল পৌনে ৬টার দিকে অধ্যাপক আব্দুস সোবহান উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। এ সময় রেজিস্ট্রার অধ্যাপক এন্তাজুল হকসহ প্রশাসনের কর্তাব্যক্তিরা উপস্থিত ছিলেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি বিশ্ববিদ্যালয় শাখা-১-এর সহকারী সচিব আবদুস সাত্তার মিয়া স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়েছে, 'মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন ১৯৭৩-এর ১১(২) ধারা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লায়েড ফিজিকস অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক আব্দুস সোবহানকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ প্রদান করতে সম্মতি জানিয়েছেন।'

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, উপাচার্য হিসেবে আব্দুস সোবহানের নিয়োগের মেয়াদ চার বছর হবে। তবে আচার্য প্রয়োজন মনে করলে তার আগেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন। তবে প্রজ্ঞাপনে সহ-উপাচার্য নিয়োগের বিষয়ে কিছু উল্লেখ করা হয়নি।